

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেতাগী, বরগুনা।
www.betagi.barguna.gov.bd

সভার নাম : মাসিক আইসিটি কমিটির সভা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় : ২১.০৫.২০২৩ দুপুর : ২ টা।
সভাপতি : মোঃ সুহৃদ সালেহীন
উপজেলা নির্বাহী অফিসার
বেতাগী, বরগুনা।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাও, ঢাকা এর স্মারক নং ৫৬.০০.০০০.০১৯.৩৮.০২৮.১৬-১১০; তারিখঃ ১৪/০৭/১৯ খ্রি. এর প্রজ্ঞাপনটি উপস্থাপন করা হয়। সভার উপস্থিত সদস্যগণের নিকট নিজ প্রতিষ্ঠান এর আইসিটি বিষয়ক কার্যক্রম সংক্রান্ত বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাওয়া হয়। সভাপতি মহোদয় উপজেলা আইসিটি সংক্রান্ত সকল কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সকলকে অনুরোধ জানান। এরপর সভাপতি মহোদয় ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট-২০১৮ নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সর্বশেষে উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা আইসিটি কমিটির উপদেষ্টা জনাব মোঃ মাকসুদুর রহমান ফোরকান মহোদয় বক্তব্য রাখেন এবং আইসিটি এর ব্যবহার বাড়ানোর জন্য দিকনির্দেশনা দেন।

সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।


সিদ্ধান্ত সমূহঃ

- ০১। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়িত হয় তা মনিটরিং ও সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামার কে অনুরোধ করা হয়। এছাড়া ক্যাডার অফিসার দের কে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন এবং শিক্ষকদের প্রয়োজনীয় পরামর্শ দেয়ার জন্য অনুরোধ জানানো হয়।
- ০২। উপজেলা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অফিসার সকল শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো মনিটরিং করে প্রতিবেদন দিবেন।
- ০৩। শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলোতে শিক্ষার্থীদের প্রশিক্ষন নিশ্চিত করতে হবে। প্রতি কম্পিউটার এ দুই পাশে দুটি টুল ব্যবহার করে ও জন শিক্ষার্থীকে বসাতে হবে। এতে করে এক ব্যাচ এ বেশি শিক্ষার্থী প্রশিক্ষন গ্রহণ করতে পারবে।
- ০৪। ইন্টারনেট কানেকশনের গতি বৃদ্ধির জন্য ইন্টারনেট এর অপব্যবহার বন্ধ রাখতে হবে।
- ০৫। শিক্ষা প্রতিষ্ঠান এ আইসিটি এর ব্যবহার আরাধিত করার জন্য শিক্ষকদেরকে “শিক্ষক বাতায়ন” এর ওয়েবসাইট থেকে কন্টেন্ট গুলো ডাউনলোড করে মাল্টিমিডিয়া ক্লাস রুম এ ক্লাস নেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়।
- ০৬। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর নষ্ট সরঞ্জামাদি দ্রুত মেরামতের জন্য নির্দেশনা দেয়া হয়। সরঞ্জামাদি মেরামতের জন্য স্থানীয় ভাবে সমাধান করার নির্দেশনা দেয়া হয়।
- ০৭। ক্লাস রুটিন এর সাথে সমন্বয় করে ল্যাব ব্যবহারের সংখ্যা বাড়াতে হবে।
- ০৮। যে কোন শিক্ষক ল্যাব ব্যবহার করতে পারবে।
- ০৯। বেতাগী উপজেলার সকল দপ্তরকে দ্রুত তাদের নিজ দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ (বাংলা ও ইংরেজি উভয় ভাষা) করার জন্য অনুরোধ করা হয়।

১০। বেতাগী উপজেলায় ইন্টারনেট এর গতি বাড়ানোর জন্য সংশ্লিষ্ট ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার দের দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়।

১১। আইসিটি কার্যক্রমে এম. পি. মহোদয়ের সম্পৃক্ত করতে হবে।

১২। যে সকল উদ্যোক্তা আরও উদ্যোক্তা তৈরি করতে আগ্রহী বা নিজ উদ্যোগে নতুন আয়ের উৎস তৈরি করতে সক্ষম তাদেরকে উপজেলা প্রশাসন হতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। কোন উদ্যোক্তা চাইলে তার ইউডিসি এর শাখা স্থানীয় বাজারে খুলতে পারবে।


(মোঃ সুহাদ সালেহীন)
উপজেলা নির্বাহী কর্মকর্তা,
বেতাগী, বরগুনা

ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি,
বেতাগী বরগুনা।


ফোন: ০৪৪৫৪৫৬০০১

E-mail: unobetagi@mopa.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০৪৪৭.০০১.০৬.০০১.২৩- ০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মাননীয় সংসদ সদস্য, ১১০ বরগুনা-২।
- ২। একাদশ জাতীয় সংসদ এর ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য (সকল)।
- ৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, বরগুনা।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেতাগী বরগুনা।
- ৬। উপজেলা..... কর্মকর্তা।
- ৭। জনাব/বেগম.....।
- ৮। অফিস কপি।


(মোঃ ফাইজুল হক আরিফ)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি,
বেতাগী বরগুনা।